



ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ
প্রধান কার্যালয়, বিডিবিএল ভবন (লেভেল-১৪)
৮, রাজউক এডিনিউ, ঢাকা।
হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

তারিখ: ০৫ শ্রাবণ ১৪২৯
 ২০ জুলাই ২০২২

প্রজ্ঞাপন নং- ১১/২০২২

সকল দাপ্তরিক কাজে ব্রাহ্মণবাড়িয়া জেলার নাম বি-বাড়িয়া না লিখে ব্রাহ্মণবাড়িয়া লিখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ সংক্রান্তে অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, প্রশাসন ও কল্যাণ শাখার ২৯ জুন ২০২২ তারিখের স্মারক নং ৫৩.০০.০০০০.২১১.৯৯.০২০.১৮.২৫১ সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এতৎসঙ্গে প্রজ্ঞাপিত হলো।

(জাহাঙ্গীর হোসেন)
 সহকারী মহাব্যবস্থাপক

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সহকারী মহাব্যবস্থাপক/সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিবি।
২. উপ-মহাব্যবস্থাপক/সিস্টেম ম্যানেজার, আইসিবি।
৩. মহাব্যবস্থাপকগণের সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৪. উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৫. ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৬. চেয়ারম্যান মহোদয়ের সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৭. প্রধান নির্বাহী কর্মকর্তা, আইসিবি সাবসিডিয়ারি কোম্পানিসমূহ।
৮. আইসিবি কর্মকর্তা সমিতি, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৯. আইসিবি কর্মচারী ইউনিয়ন, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
১০. অফিস কপি।

কর্পোরেশনের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

সিনিয়র সিস্টেম এনালিস্ট, প্রোগ্রামিং ডিপার্টমেন্ট, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
প্রশাসন ও কল্যাণ শাখা
www.fid.gov.bd



মুজিববর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

স্মারক নম্বর: ৫৩.০০.০০০০.২১১.৯৯.০২০.১৮.২৫১

তারিখ: ১৫ আষাঢ়, ১৪২৯

২৯ জুন ২০২২

বিষয়: ব্রাহ্মণবাড়িয়া জেলার নাম বি-বাড়িয়া না লিখে ব্রাহ্মণবাড়িয়া লেখার নির্দেশনা অবহিতকরণ।

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং ০৪.০০.০০০০.৫১২.৮২.০০৪.১৭.২৫৯ তারিখ ২৮ জুন ২০২২।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ব্রাহ্মণবাড়িয়া জেলা সূচনালগ্ন থেকে ব্রাহ্মণবাড়িয়া হিসেবে পরিচিত এবং ১২.০২.১৯৮৪ সালের S.R.O. 61-L/84/MER (JA-2)/264/83-85 -এর মাধ্যমে এ জেলার নাম ব্রাহ্মণবাড়িয়া নামে গেজেট বিজ্ঞপ্তি প্রকাশিত হয়। একটি মহল কর্তৃক ব্রাহ্মণবাড়িয়া জেলাকে বি-বাড়িয়া জেলা নামে প্রচার করার ফলে বিভিন্ন দাপ্তরিক যোগাযোগ, ব্যবসা প্রতিষ্ঠানের সাইনবোর্ড, মহাসড়কে স্থাপিত ওভারহেড ডিরেকশনাল সাইন বোর্ড, কিলোমিটার পোস্ট ও বিলবোর্ডগুলোতে ব্রাহ্মণবাড়িয়া নামের পরিবর্তে বি-বাড়িয়া নামের প্রচলন শুরু হয়, যা এখনো বিদ্যমান রয়েছে। বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ এবং তাদের আওতাধীন দপ্তরসমূহের চিঠিপত্র এবং রাষ্ট্রের গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গের সরকারি সফরসূচিতে ব্রাহ্মণবাড়িয়া জেলার নাম বি-বাড়িয়া লিখে পত্র যোগাযোগ অব্যাহত রয়েছে। প্রকৃত পক্ষে সরকারিভাবে বি-বাড়িয়া নামে কোন জেলা নেই।

বর্ণিতাবস্থায়, সকল দাপ্তরিক কাজে ব্রাহ্মণবাড়িয়া জেলাকে বি-বাড়িয়ার পরিবর্তে ব্রাহ্মণবাড়িয়া লিখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ (১) মন্ত্রিপরিষদ বিভাগের পত্র।

(২) ব্রাহ্মণবাড়িয়া নামকরণের গেজেটের কপি।

(৩) জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া'র পত্র।

২৯-৬-২০২২

মীনাঙ্কী বর্মন

উপসচিব

ফোন: ৫৫১০০৮৫৮

বিতরণ :

১) আর্থিক প্রতিষ্ঠান বিভাগের আওতাধীন সকল প্রতিষ্ঠান।

২) আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সকল কর্মকর্তা।

ইমেইল: ds.admin@fid.gov.bd

স্মারক নম্বর: ৫৩.০০.০০০০.২১১.৯৯.০২০.১৮.২৫১/১(২)

তারিখ: ১৫ আষাঢ়, ১৪২৯

২৯ জুন ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ (দৃঃআঃ উপসচিব, মাঠ প্রশাসন সংযোগ অধিশাখা)

২) সচিবের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)



২৯-৬-২০২২

মীনাঙ্কী বর্মন

উপসচিব